



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশাসন/বরগুনা-৩০/ ২০ ষষ্ঠী

তারিখঃ ২৫ /১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- সূত্রঃ
- ১) নং- বামাশিবো/প্রশাসন/বরগুনা-৩০/২৩২৫, তারিখ: ২৯/০১/২০১৭খ্রিঃ
 - ২) নং- বামাশিবো/প্রশাসন/বরগুনা-৩০/২৪৯৯, তারিখ: ১৬/০৪/২০১৭খ্রিঃ
 - ৩) নং- বামাশিবো/প্রশাসন/বরগুনা-৩০/২৬৯২; তারিখঃ ২২/০৮/২০১৭খ্রিঃ

MC
১৭/৩/১

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের আলোকে জনানো যাচ্ছে যে, বরগুনা জেলার সদর উপজেলাধীন ক্রোক কেরামাতিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার জুনিয়র শিক্ষক জনাব মোঃ শহিদুল ইসলাম এর বিরুদ্ধে বিগত ০৭/১২/২০১৬খ্রিঃ তারিখে মাদ্রাসা শিক্ষা অধ্যাদেশ, ১৯৭৮ এর ধারা-২৯ লজ্জান করে পৌর কমিশনার পদে নিয়োজিত থাকা, মাদ্রাসায় নিয়মিত অনুপস্থিত থাকা সত্ত্বেও ম্যানেজিং কমিটি কর্তৃক কোন ব্যবস্থা না নেওয়াসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে জৈনক ছাত্র অভিভাবক জনাব এবরাহিম একখানা অভিযোগপত্র অত্র বোর্ডে দাখিল করেন। তারই প্রেক্ষিতে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে জুনিয়র শিক্ষক জনাব মোঃ শহিদুল ইসলাম কে সুস্পষ্ট ব্যাখ্যাসহ সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে জনাব মোঃ শহিদুল ইসলাম ০৮/০২/২০১৭খ্রিঃ তারিখে সুস্পষ্ট ব্যাখ্যাসহ সমর্থনীয় কাগজপত্র অত্র বোর্ডে দাখিল করেন, যা অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেস্টার মতামত অনুযায়ী গ্রহণযোগ্য মনে হয়নি (কপি সংযুক্ত)।

মাদ্রাসা শিক্ষা অধ্যাদেশ, ১৯৭৮ এর ধারা-২৯ লজ্জান করায় ক্রোক কেরামাতিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার জুনিয়র শিক্ষক জনাব মোঃ শহিদুল ইসলামকে কারণ দর্শানোসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করে বোর্ড কর্তৃপক্ষকে অবগত করার জন্য মাদ্রাসার সুপার ও সভাপতিকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়। অদ্যাবধি কোন ব্যবস্থা নেয়া হয়নি বরং পুনরায় একই ধরনের জবাব সংযুক্ত করে বোর্ডে প্রেরণ করা হয়েছে, যা বোর্ডের আদেশ অমান্য করার সামিল (কপি সংযুক্ত)।

প্রবর্তীতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮ (১) এর ক্ষমতাবলে অত্র দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৭২০/নথি নং-বরগুনা-৩০; তারিখঃ ১৫/১২/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেওয়া হবে না মর্মে সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি ও সুপার যৌথ স্বাক্ষরে জবাব দাখিল করেছেন। জবাবে তারা সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন, তাছাড়া সংশ্লিষ্ট শিক্ষকের অনুপস্থিত থাকার বিষয়টি সঠিক নয় মর্মে উল্লেখ করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় উপরিলিখিত বিষয় ও মাদ্রাসার সার্বিক বিষয়ে সরজিমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

ম্যানেজিং কমিটি

প্রফেসর মোঃ মাজুবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর, বরগুনা।

নং- বামাশিবো/প্রশাসন/বরগুনা-৩০/ ২০ ষষ্ঠী

তারিখঃ ২৫ /১০/২০১৭ খ্রিঃ

সদয় অবগতির জন্য ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, বরগুনা।।।
- ২। জেলা শিক্ষা অফিসার, বরগুনা।।।
- ৩। সভাপতি, ক্রোক কেরামাতিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, পোঃ+ উপজেলা+ জেলা: বরগুনা।।।
- ৪। সুপার, ক্রোক কেরামাতিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, পোঃ+ উপজেলা+ জেলা: বরগুনা।।।
- ৫। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।।।
- ৬। অফিস কপি।।।

মোঃ মাজুবুর রহমান
টপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।।।
ফোনঃ ৯৬৭৪৮৭৮